

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি সিএসই বিভাগের ২০ বছর পূর্তি উদযাপিত

নিজস্ব প্রতিবেদক ▷

আনন্দ শোভাযাত্রা ও নানা আয়োজনের মধ্য দিয়ে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ ২০ বছর পূর্তি উদযাপন করেছে। দিনটি উপলক্ষে গতকাল রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে ইনফরমেটিকস অলিম্পিয়াড, প্রোগ্রামিং প্রতিযোগিতা, গেমিং প্রতিযোগিতা, প্রজেক্ট তৈরির প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, মোবাইল গেম আইডিয়া উদ্ভাবন কর্মশালা, আইসিটি সেক্টর নিয়ে বিশেষ সেমিনার এবং সব শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিকেলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে শিল্প ও একাডেমিবিষয়ক সেমিনারে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে আরো বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান, শিওর ক্যাশের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহাদাত খান ও কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. মোজাম্মেল হক আজাদ খান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বুয়েটের অধ্যাপক ড. এম কায়কোবাদ ও ডাটা সফট সিস্টেম বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহবুব জামান। সমাপনী অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। উৎসবের মিডিয়া পার্টনার ছিল কালের কণ্ঠ।